

## আগামীকাল থেকে বরিশালে বিমানের ফ্রি এসি বাস সার্ভিস

- A Monitor Desk Report

Date: 31 October, 2021



ফ্লাইট চালুর প্রায় ২৬ বছর পরে বরিশাল অঞ্চলের যাত্রীদের বিমান বন্দরে আনা নেয়ার ব্যবস্থা করতে যাচ্ছে জাতীয় পতাকাবাহী বিমান। আগামীকাল ১ নভেম্বর থেকে মহানগরীর সেলস অফিস থেকে বরিশাল বিমান বন্দরে যাত্রীদের আনা নেয়ার লক্ষ্যে বাতানুকুল বাস চালু করছে বিমান কর্তৃপক্ষ।

এখন থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স'র যাত্রীরা বিনা মাসুলে নগরী থেকে ১৫ কিলোমিটার দূরে বিমান বন্দরে যাতায়াতের সুযোগ পাবেন। ইতোপূর্বে সৈয়দপুর বিমান বন্দর থেকেও বিমান রংপুর ও দিনাজপুরের যাত্রীদের যাতায়াতের ব্যবস্থা গ্রহন করেছে বরিশাল বিমান বন্দর নির্মান শেষে ১৯৯৫ সালের ৩ ডিসেম্বর জাতীয় পতাকাবাহী বিমান চালু হলেও নানা প্রতিবন্ধকতার মধ্যে দিয়ে তা চলছিল।

গত ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তির দিনে নতুন সময়সূচী নিয়ে ফ্লাইট চালুর দিনে বরিশালে এক অনুষ্ঠানে বিমান-এর ব্যবস্থাপনা পরিচালকের কাছে অন্য কয়েকটি দাবীর সাথে যাত্রীদের বিমান বন্দরে পৌঁছে দেয়ার লক্ষ্যে শাটল সার্ভিস চালুর বিষয়টিও ছিল। বিমান-এর এমডি নীতিগতভাবে তা মেনেও নেন।

এরই ধরাবাহিকতায় ১ নভেম্বর থেকে বরিশাল সেক্টরের যাত্রীদের বিমান বন্দরে আনা নেয়ার লক্ষ্যে বাতানুকুল বাস সার্ভিস চালু করছে বাংলাদেশ বিমান।

বিমান-এর ফ্লাইট বরিশাল থেকে ঢাকার উদ্যেশ্যে রওয়ানা হবার দেড় ঘন্টা আগে সিটি সেলস অফিস থেকে বিমান-এর এ বাস ছেড়ে যাবে। বরিশাল সেক্টরে বিমান প্রতিদিন সকাল ৯টা ৩৫ মিনিটে এবং বৃহস্পতিবার বিকেল ৫টা ০৫ মিনিটে ঢাকার উদ্যেশ্যে ছেড়ে যায়।